

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)

গাজীপুর ১৭০১।

বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বাৎসরিক প্রতিবেদন

বিবেচ্য সাল-২০১৫

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর ২০১৫ সালের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা/কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে দেয়া হলোঃ

- ইনোভেশন কার্যক্রম-কে আরো গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে ব্রি'র বিদ্যমান ইনোভেশন টিমকে গত ১৯/১০/২০১৫খ্রিঃ তারিখে পুনর্গঠন করা হয়।
- ব্রি'র সামগ্রিক ইনোভেশন কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে ৪টি সভা আহবান করা হয়।
- ব্রি'র ১টি সেবা সহজীকরণের কার্যক্রম সম্পন্ন হয়েছে। (ব্রিডার বীজ প্রাপ্তির আবেদন সহজীকরণ)
- ব্রি'র ১টি অনলাইন সেবা চালুকরণের কার্যক্রম সম্পন্ন হয়েছে। (বাংলাদেশ রাইস নলেজ ব্যাংক অনলাইন সেবা চালু)
- কৃষি তথ্য ও প্রযুক্তি বিষয়ক বিভিন্ন উদ্ভাবনী চিন্তার আদান-প্রদান দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে ব্রি'র নিজস্ব ফেসবুক গ্রুপ ব্রি নেটওয়ার্কস (BRRI Networks) ও পেইজের কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে।
- নিয়মিত উদ্ভাবনী আইডিয়া গ্রহণ ও বাস্তবায়নের উদ্যোগ গৃহীত হয়েছে। (ধানের বিভিন্ন জাত অবমুক্তকরণের ক্ষেত্রে সময়সীমা হ্রাসকরণ, সার ও বিভিন্ন রোগবালাই ব্যবস্থাপনায় ডিজিটাইজেশনের মাধ্যমে খরচ সাশ্রয় ইত্যাদি)
- ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে আঞ্চলিক কার্যালয়সমূহের বিভিন্ন গবেষক ও কর্মকর্তা ব্রি সদর দপ্তরের সাথে নিয়মিত ও সক্রিয় গবেষণা সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ করছে।
- কৃষি ভাবনা-নামক কৃষি মন্ত্রণালয়ের ফেসবুক গ্রুপ ও পাবলিক সার্ভিস ইনোভেশন বাংলাদেশ ফেসবুক গ্রুপের মাধ্যমে সরকারি কর্মকর্তাদের সাথে ইনোভেশন নেটওয়ার্কে যুক্ত থেকে ইনোভেশন ধারণার আদান-প্রদান করা হচ্ছে।